গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ০৬.০৮.২০২৫ খ্রি.

## ২০২৩ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার নিয়মিত/প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে মুরারিচাঁদ কলেজ, সিলেট এর ছাত্র-ছাত্রীদেরকে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী অনলাইনে আবেদন করে আবেদনকৃত ফরম জমাদানের নির্দেশ দেয়া যাচ্ছে।

| ডিগ্রী পাস কোর্সের পরীক্ষা বিষয়ক ওয়েবসাইট: (http://ems.nu.ac.bd) |
|---|

শিক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম ডাউনলোড করে কমিটির নিকট জমাদান: ১২, ১৩, ১৪ ও ১৮ আগস্ট ২০২৫ খ্রি. তারিখ প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত

***জমাদানের স্থান: তথ্য ও অনুসন্ধান কেন্দ্র, মুরারিচাঁদ কলেজ, সিলেট***

### পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:

ক) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (নিয়মিত) (৭০০ নম্বর)ঃ

i) ২০২০-২০২১ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০২১ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশ গ্রহণ করে **Promoted** (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) ৩য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়

iii) এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (অনিয়মিত) ঃ

(i) ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে **Promoted** (উত্তীর্ণ) হয়েছে কিন্তু ২০২০, ২০২১ ও ২০২২ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে " ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(iii) ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২০, ২০২১ ও ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে কোন কোর্সে বা পত্রে **F** গ্রেড পেয়েছে তারা **F** গ্রেড প্রাপ্ত কোর্সে/পত্রের পরীক্ষায় পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(vi) ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২২ সালের ৩য় বর্ষের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা শেষ বারের মত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের সাথে উক্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম **D** গ্রেড পেতে হবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (মানোন্নয়ন):

২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশের পর CGPA 2.25 বা এর কম প্রাপ্ত শিক্ষার্থীরা পূর্বে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ৩য় বর্ষের এমন সর্বোচ্চ ২টি কোর্সে মানোন্নয়ন (C এবং D গ্রেড প্রাপ্ত) পরীক্ষা দিতে পারবে। তবে ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নাই।

গ) সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (২০০ নম্বর) ঃ

i) ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

রেগুলেশন ঃ

২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে। পূর্ণাঙ্গ রেগুলেশন বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd/home এ গিয়ে academics মেন্যুর syllabus option এ দেওয়া আছে।

বি:দ্র: এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় সর্বসাকুল্যে ৫,০০০/- (পাচঁ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২৩ সালের ৩য় বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। একই সাথে ১ম ও ২য় বর্ষের সকল কোর্সে উত্তীর্ণ কিন্তু ৩য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ২০১৬-২০১৭ এবং ২০১৭ (প্রাইভেট) শিক্ষাবর্ষের এ ধরণের শিক্ষার্থী সর্বসাকুল্যে ৫০০০/- (ছয় হাজার) টাকা ফি প্রদান করে উল্লিখিত শর্তে শুধুমাত্র ২০২৩ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশ নিতে পারবে।

উভয় ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের প্রয়োজন নাই এবং উত্তীর্ণ হলে মানোন্নয়নে অংশগ্রহণের সুযোগ পাবে না। তবে শর্ত থাকে যে, পরীক্ষায় ফরম পূরণ না করলে ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।

## আবেদন ফরম পূরণের নিয়মাবলী

১. আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(http:/ems.nu.ac.bd/student-login)** এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। উক্ত প্রিন্টকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি (জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ) উল্লেখ থাকবে। বিষয় কোড ভুল পূরণের ক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

২. উক্ত প্রিন্ট কপি নিয়ে নিয়মিত/ প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীরা অনলাইনে ডাউনলোডকৃত ফরমের উল্লেখিত টাকা ও জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত কলেজের প্রদত্ত ফি "সোনালী ই সেবা" এর মাধ্যমে জমা দিতে হবে।

৩. সেশন ফি (সোনালী-ই সেবার রশিদ) ও ফরম পূরণ ফি (ই-শিক্ষার রশিদ) জমার উভয় রশিদ এর কলেজ কপি প্রিন্টকৃত ফরমের সাথে সংযুক্ত করে তথ্যকেন্দ্রে সংশ্লিষ্ট কমিটির নিকট নির্ধারিত তারিখে জমা দিতে হবে। উল্লেখ্য যে, নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের সেশন ফি সোনালী-ই সেবার মাধ্যমে এবং নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট ও সার্টিফিকেট কোর্সের সকল পরীক্ষার্থীকে ফরম পূরণ ফি অবশ্যই "সোনালী ই সেবা" এর মাধ্যমে জমা দিতে হবে। পরীক্ষার্থীকে নিজে টাকা জমা দিয়ে নিজে উপস্থিত হয়ে ফরম জমাদানের পরামর্শ দেয়া গেল। অন্যথায় ফরম পূরণের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৪. প্রত্যেক শিক্ষার্থীকে সম্প্রতি তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি প্রিন্টকৃত ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা সংযুক্ত করে জমা দিতে হবে।

৫. অনলাইন আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের স্পষ্ট ফটোকপি জমা দিতে হবে।

০৬.০৮.২৩

অধ্যক্ষ

মুরারিচাঁদ কলেজ, সিলেট

## বিভিন্ন ফি প্রদান সংক্রান্ত নির্দেশনা

ক) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু যে সকল নিয়মিত এবং অনিয়মিত শিক্ষার্থী তাদের ৩য় বর্ষের কলেজ সেশন ফি ও অভ্যন্তরীণ পরীক্ষার ফি জমা দেয়নি তাদের প্রথমে নিম্নোক্ত ছক অনুযায়ী সেশন ফি এবং অভ্যন্তরীণ পরীক্ষার ফি সোনালী ই-সেবার মাধ্যমে জমা প্রদান করার জন্য নির্দেশ দেওয়া হলোঃ

| ডিগ্রী বিষয় | মোট প্রদেয় ফি: | |
|---|---|---|
| | মুসলিম পরীক্ষার্থী | অন্যান্য ধর্মাবলম্বী পরীক্ষার্থী |
| ডিগ্রী পাস ৩য় বর্ষে অধ্যয়নরত নিয়মিত ও অনিয়মিত সকল শিক্ষার্থী বিএ/বিএসএস | ৩১৪০/- | ৩১৪৫/- |
| ডিগ্রী পাস ৩য় বর্ষে অধ্যয়নরত নিয়মিত ও অনিয়মিত সকল শিক্ষার্থী বিএসসি | ৩২৪০/- | ৩২৪৫/- |

### সেশন ফি প্রদানের পদ্ধতি

শিক্ষার্থীরা https://sbl.com.bd:7070 লিংকে প্রবেশ করে অথবা সোনালী ই-সেবা (Sonali eSheba) মোবাইল অ্যাপের "National University Fees" মেন্যু থেকে "Session Fee" বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য (Year-3rd, Session/exam-2023, Registration Number) প্রদান করে সেশন ফি পরিশোধ করবে। সেশন ফি পরিশোধের পর প্রাপ্ত পেমেন্ট স্লিপ (Payment Slip) শিক্ষার্থী সংরক্ষণ করবে। উল্লেখ্য যে, নিয়মিত/অনিয়মিত সকল শিক্ষার্থীকে "সোনালী ই-সেবা (Sonali eSheba)" এর মাধ্যমে অবশ্যই টাকা জমা দিতে হবে।

বি. দ্র. সোনালী-ই সেবার মাধ্যমে সেশন ফি প্রদানের স্লিপ ফরম পূরণের সময় জমা দিতে হবে।

২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের (জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত) **প্রদেয় ফি ঃ**

| ৩য় বর্ষ | জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ | কেন্দ্র ফি | ব্যবস্থাপনা ফি | ইনকোর্স ফি | ব্যবহারিক: ফি | মোট প্রদেয় ফি |
|---|---|---|---|---|---|---|
| ৩য় বর্ষ বিএ/বিএসএস নিয়মিত (৭০০ নম্বর) | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমাণ (১৬০০/-) | ৪৫০/- | ৫০/- | - | - | ২১০০ |
| ৩য় বর্ষ বিএ/বিএসএস অনিয়মিত (৭০০ নম্বর) | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমাণ (১৮০০/-) | ৪৫০/- | ৫০/- | - | - | ২৩০০ |
| ৩য় বর্ষ বিএ/বিএসএস নিয়মিত/অনিয়মিত (৭০০ নম্বর) | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমাণ (১৭৫০/-) যাদের মনোবিজ্ঞান/গণিত বিষয় আছে | ৪৫০/- | ৫০/- | - | ১৫০/- | ২৪০০ |
| ৩য় বর্ষ বিএসসি নিয়মিত/অনিয়মিত (৭০০ নম্বর) | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমাণ (২০৫০/-) | ৪৫০/- | ৫০/- | - | ৪৫০/- | ৩০০০ |
| ৩য় বর্ষ বিএসসি অনিয়মিত (৭০০ নম্বর) | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমাণ (২২৫০/-) | ৪৫০/- | ৫০/- | - | ৪৫০/- | ৩২০০ |
| ৩য় বর্ষ বিএ/বিএসএস অকৃতকার্য | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমাণ (১৬০০/-) | ৪৫০/- | ৫০/- | - | - | ২১০০/- |
| ৩য় বর্ষ বিএসসি অকৃতকার্য | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমাণ (২০৫০/-) | ৪৫০/- | ৫০/- | - | ৪৫০/- | ৩০০০/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| বিএ/বিএসএস প্রাইভেট (নিয়মিত) | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমাণ (১৬০০/-) | ৪৫০/- | ৫০/- | - | | ২১০০/- |
| বিএ/বিএসএস প্রাইভেট (অনিয়মিত) | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমাণ (১৮০০/-) | ৪৫০/- | ৫০/- | ২০০/- | | ২৫০০/- |
| সার্টিফিকেট কোর্স | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমাণ (৮০০/-) | ৪৫০/- | ৫০/- | ২০০/- | | ১৫০০/- |
| এক বা একাধিক পত্রের অকৃতকার্য/গ্রেড উন্নয়ন | ৩০০+১ পত্র (১০০) = ৪০০/- | ৪৫০/- | ৫০/- | | | ৯০০/- |
| | ৩০০+২ পত্র (২০০) = ৫০০/- | ৪৫০/- | ৫০/- | | | ১০০০/- |
| | ৩০০+৩ পত্র (৩০০) = ৬০০/- | ৪৫০/- | ৫০/- | | | ১১০০/- |
| | ৩০০+৪ পত্র (৪০০) = ৭০০/- | ৪৫০/- | ৫০/- | | | ১২০০/- |

বি.দ্রঃ ১। ২০২৩ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি এমন শিক্ষার্থীরা পুনঃভর্তি সাপেক্ষে ২০২৩ সালের ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ করতে পারবে।

- Conditional Promoted (C- Promoted) পরীক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত অন্যান্য ফি'র সাথে ১০০০/- টাকা যোগ হবে।

  উল্লেখ্য যে, যারা পূর্বে শেসন ফি জমা দিয়েছে তাদেরকে শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি'র সাথে কেন্দ্র ব্যবহারিক ও ব্যবস্থাপনা ফি জমা দিতে হবে।

অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট